

**ছাত্রলীগ-ছাত্রশিবির সংঘর্ষের পর  
সাতক্ষীরা সরকারি কলেজ বন্ধ**

সাতক্ষীরা প্রতিনিধি

সাতক্ষীরা সরকারি কলেজ অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। শনিবার বিকাল ৩টার পর এক অস্বাভাবিক নোটিশে কলেজ বন্ধের এ ঘোষণা দেয় কলেজ প্রশাসন। নোটিশে বিকাল ৪টার মধ্যে ছাত্রদের হল ত্যাগেরও নির্দেশ দেয়া হয়। বৃহস্পতিবার রাতে কলেজের জিয়া হল ছাত্রলীগ ও ছাত্রশিবিরের সংঘর্ষের ফলে কলেজ বন্ধের এ সিদ্ধান্ত নেয়া হয়। কলেজ-প্রশাসন, জানায়, দুটি ছাত্র সংগঠন এখনো মুখোমুখি অবস্থায় রয়েছে। যে কোনো মুহুর্তে রক্তক্ষয়ী সংঘর্ষ বেধে যেতে পারে। এমন আশঙ্কা থেকেই কলেজ বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত কলেজ এলাকায় যমযমে সাতক্ষীরা : পৃষ্ঠা ২ কলাম ৬

**সাতক্ষীরা : কলেজ**  
(প্রথম পৃষ্ঠার পর)

অবস্থা বিরাজ করছিল। উল্লেখ্য, কলেজের জিয়া হল বৃহস্পতিবার রাতে ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। গভীর রাতে শিবির কমান্ডাররা ছাত্রলীগ নেতাকর্মীদের হলের চতুর্থ তলায় আটকে রেখে বেসম মারধর শুরু করে। ববর পেয়ে পুলিশ এসে ক্রিখীদের উদ্ধার করে। জিয়া হলের 'ন্যানোজারি' নিয়ে এ সংঘর্ষের সূত্রপাত হয় বলে জানা গেছে।